গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট-১ অধিশাখা

বিষয় ঃ ২০১৮-২০১৯ অর্থবছরের জননিরাপত্তা বিভাগ এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর এর অনুকূলে বরাদ্দকৃত বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন অগ্রগতি পরিবীক্ষণ ইত্যাদি বিষয়ে বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোস্তাফা কামাল উদ্দীন, সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
স্থান ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় ঃ ১৪/১১/২০১৮, বিকাল ০৩.০০টা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এক নজরে জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের ২০১৮-২০১৯ অর্থবছরের মোট রাজস্ব প্রাপ্তি, উন্নয়ন ও পরিচালন খাতের বাজেট উপস্থাপন করেন। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব যুগ্ম-সচিব (বাজেট) কে আহবান জানান।

০২। বাজেট ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব যুগ্ম-সচিব (বাজেট) জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তর সমূহের ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, উন্নয়ন ও পরিচালন খাতের বাজেট সম্পর্কে সভায় আলোকপাত করেন। অতঃপর তিনি স্ব-স্ব দপ্তরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন অগ্রগতি বিষয়ে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তরের প্রতিনিধির মতামত পেশ করার জন্য অনুরোধ জানান। অত:পর সভাপতির নির্দেশক্রমে উপসচিব(বাজেট-১) সভার আলোচ্যসুচি অনুযায়ী আলোচনাসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০৩। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের প্রতিনিধির মধ্য হতে বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি জানান যে, পুলিশের জনবল বৃদ্ধি, উল্লেখযোগ্যভাবে ইউনিট বৃদ্ধি, থানা বৃদ্ধি ও দেশের বর্তমান প্রেক্ষাপটে জঙ্গীদমন, সন্ত্রাস, সাইবারক্রাইম প্রতিরোধে তাদের দায়িত্ব ও কর্তব্য পালনের পরিধি ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ার বিষয়টি তুলে ধরেন এবং আগামী ০৩ (তিন) অর্থবছরের বাজেট পরিকল্পনা এবং বাৎসরিক ক্রয় পরিকল্পনা গ্রহণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি আরো জানান যে, জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে দায়িত্ব পালনের বিপরীতে জাতিসংঘ হতে প্রাপ্য অর্থ বাংলাদেশ পুলিশ এর আয়ের বড় অংশ। চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের প্রথম কোয়ার্টারে জাতিসংঘ হতে প্রাপ্য আয় এ পর্যন্ত না পাওয়ায় রাজস্ব প্রাপ্তির ক্ষেত্রে প্রকৃত আয় কম হয়েছে। অচিরেই প্রাপ্য অর্থ পাওয়া যাবে। এ অর্থ পাওয়া গেলে বাংলাদেশ পুলিশ এর রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা পূরণ হবে। প্রথম কোয়ার্টারে উন্নয়ন ও পরিচালন ব্যয়ের প্রতিফলন ibas++ এ বর্তমানে দেখা না গেলেও ২য় কোয়ার্টার নাগাদ তা দৃশ্যমাণ হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। আমাদের নিজস্ব পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী বিভাজন সঠিক রয়েছে। বার্ষিক ক্রয় পরিকল্পনা ও বার্ষিক পেমেন্ট সিডিউল তৈরী করে প্রেরণ করা হবে।

০৪। বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি জানান যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী নন-ট্যাক্স রেভিনিউ আহরণে বর্ডার গার্ড বাংলাদেশ সচেষ্ট থাকবেন এবং উন্নয়ন ও পরিচালন খাতে কাজের ধারাবাহিকতা অব্যাহত রেখে ব্যয়ের লক্ষ্যমাত্রা পূরণের আশাবাদ ব্যক্ত করেন এবং আমাদের নিজস্ব পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী বিভাজন সঠিক রয়েছে। অচিরেই বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ও বার্ষিক পেমেন্ট সিডিউল তৈরী করে প্রেরণ করা হবে।

০৫। বাংলাদেশ আনসার ও ভিডিপি'র প্রতিনিধি জানান যে, নন-ট্যাক্স রেভিনিউ আয় বছরের প্রারম্ভে কম হলেও দ্বিতীয় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা পূরণ হবে। তাছাড়া, উন্নয়ন ও পরিচালন খাতে ব্যয়ের লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। আমাদের নিজস্ব পরিকল্পনা (APP) ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী বিভাজন সঠিক রয়েছে। অচিরেই বার্ষিক ক্রয় পরিকল্পনা ও বার্ষিক পেমেন্ট সিডিউল তৈরী করে প্রেরণ করা হবে।

০৬। বাংলাদেশ কোস্টগার্ড অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, রাজস্ব প্রাপ্তি ও ব্যয় ব্যাবস্থাপনায় অগ্রগতি হচ্ছে এবং পরবর্তী কোয়ার্টারেও তা অব্যাহত থাকবে। অচিরেই বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ও বার্ষিক পেমেন্ট সিডিউল তৈরী করে প্রেরণ করা হবে।

০৭। ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি)এর প্রতিনিধি জানান যে, আমাদের নিজস্ব পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী বিভাজন সঠিক রয়েছে। অচিরেই বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ও বার্ষিক পেমেন্ট সিডিউল তৈরী করে প্রেরণ করা হবে।

০৮। উন্নয়ন অনুবিভাগের অতিরিক্ত সচিব(উন্নয়ন) সভায় অবহিত করেণ যে, আমাদের ক্রয় পরিকল্পনা অনুযায়ী বিভাজন সঠিক রয়েছে। প্রয়োজনে এটি পরিবর্তন করা যাবে। কাজের অগ্রগতি বর্তমানে ধীর হলেও এটি অচিরেই বেগবান হবে।

০৯। আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শেষ হওয়ার পর যুগ্ম-সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রত্যেক কোয়ার্টারের শেষে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ibas++ এ এন্ট্রি দিতে হবে মর্মে অর্থ বিভাগ হতে নির্দেশনা আছে। তৎপ্রেক্ষিতে ২য় কোয়ার্টার এর বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ জানুয়ারি,২০১৯ এর মধ্যে সকলকে জননিরাপত্তা বিভাগ ও অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানান। এ পর্যায়ে সভাপতি বলেন, যে সকল তথ্য আদান প্রদান বা ibas++ এ এন্ট্রি দেওয়ার জন্য নির্ধারিত সময়সীমা আছে, সে সকল ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়ায় নির্ধারিত সময়সীমার মধ্যে তা সম্পন্ন করার জন্য সকলকে অনুরোধ জানান। একই সাথে নন-ট্যাক্স রেভিনিউ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে আরো মনোযোগী হওয়ার জন্য পরামর্শ প্রদান করেন। প্রত্যেক দপ্তর/অধিদপ্তর সরকারি অর্থ ব্যয়ে নিজস্ব জ্ঞান ও দক্ষতাকে কাজে লাগাতে হবে। সরকারি অর্থের অপচয় যেন না হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে এবং যুগের সাথে তালমিলিয়ে নিজেদের সক্ষমতাও বৃদ্ধি করতে হবে। বাজেট ব্যবস্থাপনা অধিক কার্যকর করার জন্য এ মাসের ৩০ তারিখের মধ্যেই বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ও বার্ষিক পেমেন্ট সিডিউল তৈরী করে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চলামান পাতা-২

বিবেচনায় নিম্নোক্ত ছক মোতাবেক সর্বসম্মতভাবে গৃহীত হয়ঃ

(ক) জননিরাপত্তা বিভাগ এর ২০১৮-২০১৯ অর্থবছরের ১ম কোয়ার্টার (জুলাই/আগস্ট/সেপ্টেম্বর) এর রাজস্ব প্রাপ্তির বাজেট বাস্তাবায়ন অগ্রগতির বিবরণঃ

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্র নং | মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর | ২০১৮-২০১৯ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা | প্রথম কোয়ার্টার | প্রথম কোয়ার্টার প্রকৃত আয়/ব্যয় | দ্বিতীয় কোয়ার্টার | তৃতীয় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১১,১৬,০০ | ২,৭৬,০০ | - | ২,৭৬,০০ | ২,৭৬,০০ | ২,৮১,০০ | |
| ২ | বাংলাদেশ পুলিশ | ৬১৪,১১,০০ | ১৫৩,৫২,৭৫ | - | ১৫৩,৫২,৭৫ | ১৫৩,৫২,৭৫ | ১৫৩,৫২,৭৫ | |
| ৩ | বর্ডার গার্ড বাংলাদেশ | ১৩,৮৮,০০ | ৯৭,৮৪ | ৯৭,৮৪ | ৪,৩০,০৫ | ৪,৩০,০৫ | ৪,৩০,০৫ | |
| ৪ | কোস্ট গার্ড অধিদপ্তর | ১,৪৬,০০ | ৩১,৭২ | ৭,১৬ | ৩৩,২২ | ৩৫,২২ | ৪৫,৮৪ | |
| ৫ | আনসার ও ভিডিপি | ৯,৬৫,০০ | ৬১,০০ | ৪৭,৩৪ | ১,৭১,১০ | ২,৭৭,৪২ | ৪,০৯,৪৭ | |

(খ) জননিরাপত্তা বিভাগ এর ২০১৮-২০১৯ অর্থবছরের ১ম কোয়ার্টার (জুলাই/আগস্ট/সেপ্টেম্বর) এর পরিচালন ব্যয়ের বাজেট বাস্তাবায়ন অগ্রগতির বিবরণঃ

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্র ন | মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর | ২০১৮-২০১৯ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা | প্রথম কোয়ার্টার | প্রথম কোয়ার্টার প্রকৃত আয়/ব্যয় | দ্বিতীয় কোয়ার্টার | তৃতীয় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | জননিরাপত্তা বিভাগ | ২০৫,১৬,০০ | ৩৭,৫১,৪৯ | ৪,০৬,৪৭ | ৪৭,৪৬,৫১ | ৫১,৯৫,৪৯ | ৬৮,২২,৫১ | |
| ২ | উপদেষ্টা বোর্ড | ১১,২০ | ০ | - | ০ | ৪,৬২ | ৬,৫৮ | |
| ৩ | আন্তঃ অপরাধ ট্রাইব্যুনাল, তদন্ত সংস্থা | ১৬,৫১,৩০ | ৪,১১,৭৫ | ৬৩,০৫ | ৪,১১,৭৫ | ৪,১১,৭৫ | ৪,১৬,০৫ | |
| ৪ | এনটিএমসি | ৩৮৬,১৬,০০ | ১০,১৫,৭৮ | ১০,০২,৭৬ | ২১৩,৩০,২০ | ১৫৬,৯৫,৭৮ | ৫,৭৪,২৪ | |
| ৫ | ইন্টারপোল | ৭০,০০ | - | - | - | - | ৭০,০০ | |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ১৩৭৫১,৮১,৭৬ | ৩১৫৯,৮০,৪৮ | ২০৬৯,২৭,১৩ | ৩১৫৯,৮০,৪৮ | ৩১৫৯,৮০,৪৮ | ৩১৫৯,৮০,৪৮ | |
| | বর্ডার গার্ড বাংলাদেশ | ৩৩৩৪,৪৪,৪৭ | ৫৬৩,৫৯,৭৯ | ৫৬৩,৫৯,৫৯ | ৬৪৫,৮৪,৮৫ | ১০২৬,২৭,১১ | ১০৯৮৯,৭২,৭২ | |
| | কোস্ট গার্ড অধিদপ্তর | ৬৭৫,৬৩,০০ | ৫২,৯২,৫৮ | ৪৮,৪১,৯১ | ৮৫,৮৮ | ২২০,৫৪,৯৭ | ৩১৬,৪৯,০৬ | |
| | আনসার ও ভিডিপি | ১৭৯৮,১৮,৯৭ | ২৪৪,৯৩,১৮ | ১৭১,৩৬,৭৪ | ৬১১,২৬,২৫ | ৩০৪,৩১,৮৭ | ৫৫৮,৮১,৭০ | |

(গ) জননিরাপত্তা বিভাগ এর ২০১৮-২০১৯ অর্থবছরের ১ম কোয়ার্টার (জুলাই/আগস্ট/সেপ্টেম্বর) এর উন্নয়ন ব্যয়ের বাজেট বাস্তাবায়ন অগ্রগতির বিবরণঃ

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্র ন | মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর | ২০১৮-২০১৯ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা | প্রথম কোয়ার্টার | প্রথম কোয়ার্টার প্রকৃত আয়/ব্যয় | দ্বিতীয় কোয়ার্টার | তৃতীয় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | জননিরাপত্তা বিভাগ | ৫১,৩৯,০০ | ১২,৪৮,৭৫ | ২৪,৫০ | ১২,৪৮,৭৫ | ১২,৪৮,৭৫ | ১২,৪৮,৭৫ | |
| ২ | বাংলাদেশ পুলিশ | ৪৮৮,২৩,০০ | ১২২,০৫,৭৫ | ৮১,৬৮,৫৮ | ১২২,০৫,৭৫ | ১২২,০৫,৭৫ | ১২২,০৫,৭৫ | |
| ৩ | বর্ডার গার্ড বাংলাদেশ | ২৭৬,৬২,০০ | ৬৯,১৫,৫০ | ১৫,০০ | ৬৯,১৫,৫০ | ৬৯,১৫,৫০ | ৬৯,১৫,৫০ | |
| ৪ | কোস্ট গার্ড অধিদপ্তর | ৩৮২,৭৫,০০ | ৯৫,৬৮,৭৫ | ৮৮,৮৭ | ৯৫,৬৮,৭৫ | ৯৫,৬৮,৭৫ | ৯৫,৬৮,৭৫ | |
| ৫ | আনসার ও ভিডিপি | ৫৮,৬৪,০০ | ১৪,৬৬,০০ | - | ১৪,৬৬,০০ | ১৪,৬৬,০০ | ১৪,৬৬,০০ | |

১১। সভায় বরাদ্দকৃত বাজেট বাস্তবায়ন, পরিকল্পনা প্রণয়ন অগ্রগতি পরিবীক্ষণ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

(ক) জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা এবং প্রথম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং বাজেট বাস্তবায়ন পরিকল্পনা এবং প্রথম কোয়ার্টারের অগ্রগতি, প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করা হবে।

(খ) সকল দপ্তর/অধিদপ্তর হতে পরিচালন ব্যয় ও উন্নয়ন প্রকল্পের জন্য বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ও বার্ষিক পেমেন্ট সিডিউল বিস্তারিত ভাবে প্রস্তুতপূর্বক ৩০ নভেম্বর, ২০১৮ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে;

(গ) জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের ২য় কোয়ার্টার এর বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ জানুয়ারী, ২০১৯ এর মধ্যে জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করে ibas ++ এ এন্ট্রি দিতে হবে এবং প্রত্যেক কোয়ার্টারের প্রতিবেদন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করে ibas++ এ এন্ট্রি দিতে হবে।

চলমান পাতা-৩

(ঘ) স্ব-স্ব দপ্তর/অধিদপ্তরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে এবং নতুন রাজস্ব আহরণের খাতের পরিধি বৃদ্ধি করা যায় কিনা তার পদক্ষেপ নিতে হবে।

(ঙ) জননিরাপত্তা বিভাগের আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের অর্থ ব্যয়/ ক্রয় সংক্রান্ত যে কোন চাহিদা স্ব-স্ব প্রশাসনিক অনুবিভাগের অনুমোদন দিয়ে প্রশাসন ও অর্থ অনুবিভাগের প্রেরণ করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) জননিরাপত্তা বিভাগ এর সকল অনুবিভাগ এবং এর নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা বাজেট বরাদ্দের অতিরিক্ত অর্থ বরাদ্দের চাহিদা, (**)দ্বি-তারকা চিহ্নিত অর্থের খরচের অনুমতি ও ছাড়করণ, (**)দ্বি-তারকা চিহ্ন প্রত্যাহার এবং পুনঃউপযোজনের প্রস্তাব স্ব-স্ব অনুবিভাগের প্রশাসনিক অনুমোদন নিয়ে প্রশাসন ও অর্থ অনুবিভাগের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে এবং

(ছ) জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের বাজেট কোয়ার্টার ভিত্তিক বিভাজন ও ব্যয়ের ক্ষেত্রে সরকারের সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২১। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরীত/-
(মোস্তাফা কামাল উদ্দীন)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, জননিরাপত্তা বিভাগ।

নং-৪৪.০০.০০০০.০২৮.০৫.০০৪.১৪- তারিখঃ ২৬/১১/২০১৮ খ্রিঃ।

বিতরণঃ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
২। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও ভিডিপি অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড অধিদপ্তর, ঢাকা।
৫। সমন্বয়ক, তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৬। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি) ঢাকা সেনানিবাস, ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৫১৩

নং-৪৪.০০.০০০০.০২৮.০৫.০০৪.১৪-৭০৪/১(৫) তারিখঃ ২৬/১১/২০১৮ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় ও জ্ঞাতার্থে ও কার্যার্থে
১। অতিরিক্ত সচিব ........................................................................................(সকল অনুবিভাগ)।
২। অতিরিক্ত সচিব(বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্ম-সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।(বিষয়টি জননিরাপত্তা বিভাগ এর ওয়েব সাইটে প্রকাশ করা জন্য)।

২৬/১১/১৮
(আবু নাছের ভূঁঞা)
উপ সচিব